তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

যুগান্তর

# কুয়েটের ৬০ কোটি ৮০ লাখ টাকার বাজেট অনুমোদন

**খুলনা ব্যুরো**

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৬-১৭ অর্থবছরের জন্য ৬০ কোটি ৮০ লাখ টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। রোববার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় (৫৩তম বিশেষ সভা) এ অনুমোদন করা হয়। ১৪ মার্চ অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ৩৩তম সভার সুপারিশ রোববার সিন্ডিকেট সভায় উপস্থাপন করা হয়। সভায় ২০১৬-১৭ অর্থবছরের বাজেট এবং ২০১৫-১৬ অর্থবছরের জন্য ৪৫ কোটি ৯৫ লাখ টাকার সংশোধিত বাজেট অনুমোদিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি ও সিন্ডিকেটের সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২০১৬-১৭ অর্থবছরের মূল বাজেট ৬০ কোটি ৮০ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারি অনুদানের সম্ভাব্য পরিমাণ ৫৭ কোটি ৩৮ লাখ টাকা, নিজস্ব সূত্র হতে আয় ৩ কোটি ৪২ লাখ টাকা। বরাদ্দের মধ্যে বেতন-ভাতাদি খাতে ৩৭ কোটি ৭৫ লাখ টাকা, পেনশন খাতে ৯ কোটি টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৬ কোটি ৭০ লাখ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৪ কোটি ৬৫ লাখ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ১ কোটি ৩০ লাখ টাকা এবং মূলধন মঞ্জুরি খাতে ১ কোটি ৪০ লাখ টাকা।